

২০১৮

বাংলা

(স্নাতকোত্তর)

পাঠপর্যায় — ১

Course No — BNG-105

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

বিভাগ-ক

যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৪×২

- ১। ফোর্ট উইলিয়াম কলেজের সঙ্গে যুক্ত মৃত্যুঞ্জয় বিদ্যালংকারের প্রথম গদ্য গ্রন্থটি
প্রকাশকাল সহ লেখো।

১+১

(Turn Over)

- ২। প্রমথ চৌধুরীর লেখা দুটি প্রবন্ধের নাম লেখো। ১+১
- ৩। 'মপাসাঁ-চেখভ-রবীন্দ্রনাথ' প্রবন্ধটি কোন প্রবন্ধ গ্রন্থ থেকে নেওয়া? প্রবন্ধ গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়? ১+১
- ৪। 'কমলাকান্তের দপ্তর' কোন মূল গ্রন্থের অন্তর্গত? গ্রন্থটির প্রকাশকাল লেখো। ১+১
- ৫। 'কমলাকান্তের দপ্তর'-এ প্রভাব আছে এমন দুটি বিদেশী গ্রন্থের নাম লেখো। ১+১
- ৬। 'কমলাকান্তের দপ্তর'-এ Familian Essay-র দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো। ১+১
- ৭। বিদ্যাসাগরের 'শকুন্তলা' গদ্য আখ্যানটির উৎস রচনাটির নাম কী? এটি ক'টি অঙ্কে বিভক্ত? ১+১
- ৮। শকুন্তলাকে যে দুজন আশ্রম তাপস পতিগৃহে রাখতে গিয়েছিলেন তাঁদের নাম কী? ১+১

বিভাগ-খ

যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

8×8

- ৯। টীকা লেখো : গৌড়ীয় ব্যাকরণ।
- ১০। ফোর্ট উইলিয়াম কলেজের লেখক গোষ্ঠীর সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ১১। 'শিক্ষা ও সংস্কৃতি' প্রবন্ধ অবলম্বনে লেখকের 'শিক্ষা' সম্পর্কিত ধারণাটি ব্যক্ত করো।
- ১২। 'একা—কে গায় ঐ'-তে প্রকাশিত লিরিক গুণের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ১৩। 'একটি গীত'-এর লেখক-উদ্ধৃত বৈশিষ্ট্য গীতটি উদ্ধার করো।
- ১৪। 'কমলাকান্তের দপ্তর'-এর কমলাকান্ত চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ১৫। বিদ্যাসাগরের 'শকুন্তলা' গদ্য আখ্যানটি কতগুলি পরিচ্ছেদে বিন্যস্ত? এর প্রথম চারটি পরিচ্ছেদের সারমর্ম অতি সংক্ষেপে লেখো।
- ১৬। বিদ্যাসাগরের 'শকুন্তলা' গদ্য আখ্যানের চতুর্থ পরিচ্ছেদে মানব আর নিসর্গের যে মেলবন্ধন ঘটেছে তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

বিভাগ-গ

যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

২×৮

- ১৭। বাংলা প্রবন্ধ সাহিত্যের ক্ষেত্রে অন্নদাশঙ্কর রায়ের কৃতিত্ব সম্পর্কে আলোচনা করো।
- ১৮। ছোটগল্প রচনার বিভিন্ন ঘরানা সম্পর্কে মুজতবা আলীর বক্তব্য 'মপাসাঁ-চেখভ-রবীন্দ্রনাথ' প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।
- ১৯। 'কমলাকান্তের দপ্তর'-এর অন্তর্ভুক্ত তোমাদের পাঠ্য রচনাগুলি অবলম্বনে বঙ্কিমের স্বদেশ চেতনার পরিচয় দাও।
- ২০। বিদ্যাসাগরের 'শকুন্তলা' গদ্য আখ্যানের শকুন্তলা চরিত্রটির বিশ্লেষণাত্মক আলোচনা করো।
-